# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা ডিসেম্বর, ২০২৫

## বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# বাংলা (প্রথম ভাষা)

## বিভাগ-ক

১। সঠিক উত্তরে (✓) চিহ্ন দাও ঃ ১×১৭=১৭

১.১. 'মহেশ' গল্পের পটভূমি যে গ্রামটিকে কেন্দ্র করে তার নাম
(ক) কাশীপুর (খ) শিবপুর
(গ) দুর্গাপুর (ঘ) নিশ্চিন্দিপুর

১.২. পুরোনো মুদিখানায় বসে এক বৃদ্ধ পড়ছিলেন
(ক) বিষাদসিন্ধু (খ) রামচন্দ্রের সেতুবন্ধনের কথা
(গ) কর্ণকুন্তীসংবাদ (ঘ) ভারতবর্ষের সংবিধানের প্রস্তাবনা

১.৩. 'জলসত্র' গল্পটির লেখক
(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (খ) তারাশংকর বন্দ্যোপাধ্যায়
(গ) মানিক বন্দ্যোপাধ্যায় (ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

১.৪. 'দুধের দাম' গল্পের বৃদ্ধা মানুষটির গন্তব্য ছিল
(ক) গয়া (খ) কাশী
(গ) মথুরা (ঘ) বৃন্দাবন

১.৫. পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর জন্মেছিলেন
(ক) জোড়াসাঁকোয় (খ) দেবানন্দপুরে
(গ) বীরসিংহে (ঘ) রাধানগরে

১.৬. দাঁড়াও ওই মানহারা মানবীর দ্বারে; বলো
(ক) 'ক্ষমা করো' (খ) 'ভালোবাসো'
(গ) 'প্রতিশোধ চাই' (ঘ) 'প্রণমি তোমায়'

১.৭. সুদূর তিব্বতে গিয়ে জ্ঞানের দীপ জ্বালিয়েছিলেন
(ক) গৌতম বুদ্ধ (খ) শ্রীচৈতন্যদেব
(গ) অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান (ঘ) গুরুনানক

১.৮. ''চমকিয়া উঠি—তবু জয় জয় তার সেই শুভ কীর্তির।''—এখানে জয়গান করা হয়েছে
(ক) কালবৈশাখীর (খ) বৃষ্টিধারার
(গ) বসন্তের কিশলয়ের (ঘ) শরতের মেঘের

১.৯. ''এ বয়স বাঁচে ________''
(ক) আশা আর স্বপ্নে (খ) দুর্যোগে আর ঝড়ে
(গ) লড়াই সংগ্রামে (ঘ) বিপ্লবে বিক্ষোভে

১.১০. ''সাধিতে মনের সাধ, / ঘটে যদি পরমাদ,''
'পরমাদ' শব্দটির অর্থ
(ক) সাফল্য (খ) ব্যর্থতা
(গ) বিপদ (ঘ) পুরস্কার

১.১১. নিশ্চিন্দিপুর গ্রামের কয়েকজন মানুষ সরস্বতী পূজার বিকেলে যে পাখি দেখতে গিয়েছিলেন সেটি—

(ক) বসন্তবৌরী (খ) ময়না

(গ) নীলকণ্ঠ (ঘ) টুনটুনি

১.১২. মহাভারতের বীরচরিত্র কর্ণের মায়ের নাম

(ক) গান্ধারী (খ) সত্যবতী

(গ) চিত্রাঙ্গদা (ঘ) কুন্তী

১.১৩. যে সকল স্বরধ্বনি বা স্বরবর্ণ উচ্চারণ করতে কম সময় লাগে তাকে বলে

(ক) হ্রস্বস্বর (খ) দীর্ঘস্বর

(গ) প্লুতস্বর (ঘ) যৌগিক স্বর

১.১৪. কারক শব্দের অর্থ—

(ক) যে করে (খ) যে সঙ্গে থাকে

(গ) যে ভাঙে (ঘ) যে অর্থ বোঝায়

১.১৫. পদে পদে মিলনকে বলে

(ক) সন্ধি (খ) বিভক্তি

(গ) সমাস (ঘ) উপসর্গ

১.১৬. বাংলা প্রবাদের ক্ষেত্রে 'অর্ধচন্দ্র' শব্দটির অর্থ—

(ক) অর্ধেক চাঁদ (খ) গলাধাক্কা

(গ) সুন্দর মুখশ্রী (ঘ) চন্দ্রের উপগ্রহ

১.১৭. 'পথের পাঁচালি' উপন্যাসটির রচয়িতা—

(ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (খ) বিভূতিভূষণ মুখোপাধ্যায়

(গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়

## বিভাগ-খ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও (*যে কোনো দশটি*) ঃ ১×১০=১০

২.১. 'মহেশ' গল্পের শেষে গফুর আর আমিনা কোথায় কাজ করতে চলে গিয়েছিল?

২.২. 'ট্রাডিশন' শব্দটির অর্থ কী?

২.৩. 'জলসত্র' গল্পে যে লোকটি জল দিচ্ছিল তার নাম কী?

২.৪. 'দুধের দাম' গল্পটি কার লেখা?

২.৫. ছোটোবেলায় বিদ্যাসাগর কার পাঠশালায় ভর্তি হন?

২.৬. প্রাবন্ধিক বেগম রোকেয়া কাদের সমাজের অর্ধঅঙ্গ বলে মনে করেন?

২.৭. ''এলো ওরা লোহার বেড়ি নিয়ে''— ওরা কারা?

২.৮. 'ভালে কাঞ্চন-শৃঙ্গ-মুকুট'— বলতে কবি কী বুঝিয়েছেন?

২.৯. বাংলায় কালবৈশাখী আসে কোন ঋতুতে?

২.১০. ''মধুহীন করো না গো তব মনঃকোকনদে।''—অর্থে কবি কী বুঝিয়েছেন?

২.১১. ''এ বয়সে তাই নেই কোনো সংশয়''— পরবর্তী লাইনটি লেখো।

২.১২. ''বাংলার রবি জয়দেব কবি ...''— যে কাব্যটি রচনা করেছিলেন তার নাম কী?

## বিভাগ-গ

৩। *যে কোনো সাতটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৭=৩৫

৩.১. ''আঙিনা পার হইয়া পথের ধারে সেই বাবলাতলায় আসিয়া সে থমকিয়া দাঁড়াইয়া সহসা হু হু করিয়া কাঁদিয়া উঠিল।''— কে, কেন কেঁদে উঠল? বিষয়টি সংক্ষেপে লেখো।

৩.২. ''এ বইটি কবেকার?''— কে, কাকে এই প্রশ্ন করেছিলেন? প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

৩.৩. জলসত্র কাকে বলে? পাঠ্য গল্পটির এরূপ নামকরণের কারণ কী?

৩.৪. ''দীর্ঘজীবী হও, ভগবান তোমার মঙ্গল করুন।''— কার উক্তি? তিনি কার জন্য, কেন ভগবানের কাছে প্রার্থনা জানালেন?

৩.৫. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত 'আত্মচরিত' রচনাটির মূলভাবনা সংক্ষেপে লেখো।

৩.৬. সত্যেন্দ্রনাথ দত্ত রচিত 'আমরা' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

৩.৭. 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবির ভাবনা নিজের ভাষায় লেখো।

৩.৮. ''তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি''— কবি 'আঠারো'র উপর ভরসা করেন কেন?

৩.৯. ''ওরি মাঝে আছে নববিধানের আশ্বাস দুর্ধর্ষ।''— কার মধ্যে কবি নববিধানের আশ্বাস পান? কেন তাঁর এইরকম মনে হয়?

৩.১০. 'কর্ণকুন্তীসংবাদ' কাব্যনাট্যটির কাহিনি নিজের ভাষায় লেখো।

৩.১১. ''কুঠির মাঠ দেখবো, কুঠির মাঠ দেখবো''— অপুর কুঠির মাঠ দেখার অভিজ্ঞতা 'আম আঁটির ভেঁপু' অবলম্বনে সংক্ষেপে লেখো।

৩.১২. 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে লেখিকা বেগম রোকেয়া বর্তমান সমাজে নারীজাতির প্রসঙ্গে কী জানিয়েছেন? নারীজাতির প্রতি তাঁর মূলবার্তাটি কী?

## বিভাগ-ঘ

৪। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৪=৮

৪.১. সন্ধি বিচ্ছেদ করো ঃ (*যে কোনো দুটি*) ১×২=২

অভ্যুত্থান, একাদশ, নীলোৎপল, বনস্পতি

৪.২. নিম্নলিখিত শব্দগুলির সংক্ষিপ্ত রূপ লেখো ঃ (*যে কোনো দুটি*) ১×২=২

(ক) যা চিরস্থায়ী নয়

(খ) মাসের শেষ দিন

(গ) যাতে প্রেরকের নাম নেই

(ঘ) যে বহুরূপ ধারণ করে

৪.৩. বাংলা ব্যাকরণে কারক কয়প্রকার ও কী কী? ২

৪.৪. সন্ধি এবং সমাসের দুটি পার্থক্য লেখো। ২

৪.৫. ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য পদের সম্পর্ককে কী বলে? ২

৪.৬. বিভক্তির অর্থ কী? ২

## বিভাগ-ঙ

৫। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৫.১. ভাবসম্প্রসারণ করো ঃ ৫

মেঘ দেখে কেউ করিসনে ভয়
আড়ালে তার সূর্য হাসে।

৫.২. বাংলায় অনুবাদ করো ঃ ৫

India is the land of our birth. It is a vast country. There are in it dreadful deserts, lofty mountains, great rivers, green cornfields and awful forests. We may see here gorgeous temples and mosques, large cities, strong fortress, rich palaces, busy market places and fine ports.

৬। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৬.১. নিম্নলিখিত অনুচ্ছেদটির সারাংশ লেখো ঃ ৫

সংসারে যারা শুধু দিলে, পেলেনা কিছুই, যারা বঞ্চিত, যারা দুর্বল, উৎপীড়িত, মানুষ যাদের চোখের জলের কোনও হিসেব নিলেনা, নিরুপায়, দুঃখময় জীবনে যারা ভেবেই পেলেনা সমস্ত থেকেও কেন তাদের কিছুতেই অধিকার নেই— এদের বেদনাই দিলে আমার মুখ খুলে। এরাই পাঠালে আমাকে মানুষের কাছে মানুষের নালিশ জানাতে। তাই আমার কারবার শুধু এদের নিয়ে।

৬.২. নিম্নলিখিত বিষয়টি অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করো ঃ ৫

একটি বিদ্যালয়ের হীরকজয়ন্তী বর্ষ পালন এবং বিভিন্ন উৎসব-অনুষ্ঠান

৭। *যে কোনো একটি* বিষয় অবলম্বনে কম-বেশি ৪০০ শব্দে প্রবন্ধ রচনা করো ঃ ১০

৭.১. আমাদের দেশ

৭.২. অরণ্য ও অরণ্যপ্রাণী সংরক্ষণ

৭.৩. বিজ্ঞান ও কুসংস্কার

৭.৪. রবীন্দ্রনাথ ঠাকুর

৭.৫. বাংলার উৎসব

৭.৬. চরিত্র গঠনে খেলাধুলার ভূমিকা

---